# সরকারি আশেক মাহমুদ কলেজ, জামালপুর
## একাদশ শ্রেণির অর্ধবার্ষিক পরীক্ষা-২০২১
### ইসলাম শিক্ষা প্রথম পত্র (সৃজনশীল) বিষয় কোড:২৪৯

সময় ২ ঘন্টা ৩০ পূর্ণমান ৭০

[ দ্রষ্টব্যঃ যে কোন সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে । ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক । ]

১। শ্রেনি শিক্ষক জনাব, সাইফুল ইসলাম ছাত্রদের এমন একটি সংস্কৃতির কথা বললেন যা, ধর্ম ও কর্মের সমন্বিত রূপ। এতে ইহকালিন ও পরকালীন জীবন একইসূত্রে গাঁথা। এ সংস্কৃতি স্রস্টা ও সৃষ্টির মাঝে নিবিড় সম্পর্ক তৈরি করে। স্রষ্টার সাথে বান্দার দূরুত্ব কমিয়ে আনে ও বান্দাকে তার নৈকট্য লাভের সুযোগ করে দেয়। আর 'প্রত্যেক জাতির আস্তিত্ব রক্ষার জন্য তার নিজস্ব সংস্কৃতি চর্চা করা আবশ্যক'।

ক) মুসলিম দর্শনের পথিকৃত বলা হয় কাকে? ১
খ) ইসলামে জ্ঞানার্জনের গুরুত্ব ব্যাখ্যা করো। ২
গ) উদ্দিপকে উল্লিখিত সংস্কৃতিটি যে ভারসাম্যপূর্ণ সংস্কৃতি তা ব্যাখ্যা করো। ৩
ঘ) 'প্রত্যেক জাতির আস্তিত্ব রক্ষার জন্য তার নিজস্ব সংস্কৃতি চর্চা করা আবশ্যক'- এ কথাকে তুমি কী সমর্থন কর? বিশ্লেষণ করো। ৪

২। জামাল সাহেব একজন বিখ্যাত মুসলিম গণিতবিদের কথা আলোচনা করছিলেন যাকে বীজগণিতের জনক বলা হয়। বীজগণিতের উপর লেখা তার বিখ্যাত বই 'ইলমুল জাবর ওয়াল মুকাবিলা'। জামাল সাহেব আরো বলেন, শুধু গণিতেই নয় মুসলিম মনীষীগণ চিকিৎসা বিজ্ঞানেও বিস্ময়কর অবদান রেখে গেছেন। আল-রাযি, ইবন সিনা, জাহরাবি, ইবনে রুশদ, আম্মার এদের সকলেই মুসলিম চিকিৎসা বিজ্ঞানী ছিলেন।

ক) সংস্কৃতির আরবি প্রতিশব্দ কী? ১
খ) বয়স্ক শিক্ষায় মক্তব কী ধরনের ভূমিকা পালন করতে পারে? আলোচনা করো। ২
গ) উদ্দিপকে কোন বিখ্যাত গণিতবিদের কথা বলা হয়েছে? বিস্তারিত আলোচনা করো। ৩
ঘ) চিকিৎসাবিজ্ঞানে মুসলিম মনীষীদের অবদান মূল্যায়ন করো। ৪

৩। শিক্ষার্থী আমিনের চলাফেরা, আচার-আচরণ সব কিছুই আপত্তিকর। তার কথাবার্তা যেমন অহংকারপূর্ণ তেমনি তার পোশাকও অশালীন। বড়দের যেমন সে শ্রদ্ধা করেনা ছোটদেরও তেমনি স্নেহ করে না পক্ষান্তরে জামিলের আচার-আচরণ আমিনের সম্পূর্ণ বিপরীত।

ক) ইসলামি শিক্ষার মূলিভত্তি কী ? ১
খ) কীসের মাধ্যমে ইসলামি শিক্ষার সূচনা হয়েছে ? ব্যাখ্যা দাও। ২
গ) আমিনের এরূপ আচরণ কোন সংস্কৃতির পরিপন্থি ? ব্যাখ্যা করো। ৩
ঘ) উদ্দীপকে বর্ণিত জামিলের আচার-আচরণ ইসলামি দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করো। ৪

৪। নারী দিবস উপলক্ষে গত ৮ মার্চ আশেক মাহমুদ কলেজ অডিটোরিয়ামে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে একদল ছাত্রী। ইসলামি ভাবাদর্শে পরিচালিত এসব ছাত্রী নারী অধিকার প্রতিষ্ঠায় ইসলামের নির্দেশনা বাস্তবায়নের সবরকম চেষ্টা করে। আবৃত্তি, সংগীত, অভিনয় সবকিছুরই আয়োজন করে তারা। শালীন ও উন্নত রুচিবোধের অধিকারী এসব নারীদের আয়োজিত অনুষ্ঠানটি ব্যাপকভাবে প্রশংসা লাভ করে।

ক) দারুল আরকামের প্রথম শিক্ষক কে ছিলেন? ১
খ) 'আলেমগণ নবীর উত্তরসূরী' ব্যাখ্যা করো। ২
গ) উদ্দীপকে বর্ণিত অনুষ্ঠাণের ন্যায় সংস্কৃতি চর্চার অনুমতি কী ইসলামে দেয়া হয়েছে? ব্যাখ্যা করো। ৩
ঘ) উদ্দীপকের বিষয়টি সামগ্রিকভাবে বিশ্লেষণ করলে ইসলামের কোন দিকটি প্রতিফলিত হয় ? বিস্তারিত আলোচনা করো। ৪

৫। শিক্ষক শ্রণিতে পাঠদানকালে বলেন-মহান আল্লাহর সর্বপ্রথম বাণী হলো পড়ো, তারই পথ ধরে যুগে যুগে অসংখ্য মনীষী জ্ঞান-বিজ্ঞান চর্চা ও শিক্ষা বিস্তারে কাজ করেছেনএবং যথেষ্ট অবদান রেখেছেন। শিক্ষক আরো বলেন-বর্তমান সময় ইমামগণ বিভিন্নভাবে এই মহান কাজে লিপ্ত রয়েছেন ।

ক) মহান আল্লাহর প্রথম বাণীটি কোন সূরার অন্তর্গত? ১
খ) মুসলিম ইতিহাসে ইবন সিনা একটি বিখ্যাত নাম কেন ? ২
গ) উদ্দীপকের আলোকে শিক্ষা বিস্তারে ইমামগণের ভূমিকা ব্যাখ্যা করো। ৩
ঘ) শিক্ষা বিস্তার ও জ্ঞান বিজ্ঞান চর্চায় মুসলমানদের অবদান মূল্যায়ন করো। ৪

৬। জনাব রিফাত একজন উচ্চপদস্থ কর্মকর্তা। নিয়মিত সালাত আদায়সহ তিনি ইসলামের অন্যান্য বিধানও পালন করে থাকেন। কিন্তু উৎকোচ গ্রহণ ছাড়া তিনি কোন ফাইলে সই করেন না। ইমাম সাহেব শুনে বললেন , হালাল উপর্জন ছাড়া কোন ইবাদত আল্লাহর নিকট গ্রহণযোগ্য নয়।

ক) হালাল শব্দের অর্থ কী ? ১

খ) হারাম বর্জনীয় কেন ? ব্যাখ্যা কর। ২

গ) জনাব রিফাতের উপার্জন ইসলামের দৃষ্টিতে কীরুপ – ব্যাখ্যা করো। ৩

ঘ) ইমাম সাহেবের উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৭। জনাব "ক" নিজেকে মুসলমান দাবি করলেও রমজান মাসে সাওম পালন করেন না। তিনি বলেন , "আমি ক্ষুধা সহ্য করতে পারিনা। তাই তিনি সাওম পালনে অস্বীকৃতি জানান। ইমাম সাহেব শুনে বললেন , হাশরের ময়দানে সাফল্য লাভ করতে হলে অন্যান্য মৌলিক ইবাদতের পাশাপাশি অবশ্যই সাওম পালন করতে হবে ।

ক) 'যাকাত' শব্দের অর্থ কী ? ১

খ) আত্মশুদ্ধি লাভে যাকাতের ভূমিকা ব্যাখ্যা করো। ২

গ) জনাব 'ক' এর এরুপ অস্বীকৃতি ইসলামের দৃষ্টিতে কী রুপ ? যুক্তি দাও। ৩

ঘ) ইমাম সাহেবের এরুপ মন্তব্য কতটুকু শরিয়ত সম্মত? যুক্তি দাও। ৪

৮। জনাব আহমেদ একটি সরকারি কলেজের অধ্যক্ষ। তিনি তাকওয়া পূর্ণ জীবনযাপন করেন। এইচএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে তিনি ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, সর্বাবস্থায় তোমরা আল্লাহর ওপর তাওয়াক্কুল করবে। সত্যবাদিতা একটি মহৎগুণ। সবাই সত্যবাদিতা অবলম্বন করবে। সবশেষে তিনি- إِنَّ اللهَ مَعَ الصَّابِرِينَ 'ইন্নাল্লাহা মাআস সাবিরিন' বলে বক্তব্য শেষ করলেন।

ক) তাকওয়া অর্থ কী? ১

খ) তাকওয়া বলতে কী বুঝ? ২

গ) অধ্যক্ষ মহোদয় সত্যবাদিতা সম্পর্কে যে কথাটি বলেছেন, তা ব্যাখ্যা করো। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত আয়াতটি ব্যাখ্যা কর। ৪

৯। জনাব 'ক' একজন সৎ মানুষ। মানুষের সাথে তিনি সর্বদা ভালো ব্যবহার করেন। কেউ তার সাথে চরম দুর্ব্যবহার করলেও তিনি তা হাসিমুখে গ্রহণ করেন। দুঃখ কষ্টে ভেঙ্গে না পড়ে দৃঢ়তার সাথে তা সহ্য করেন। তার এরুপ আচরনে পরম শত্রুরাও তার বন্ধু হয়ে যায়।

ক) ইহসান অর্থ কী? ১

খ) জিকির কাকে বলে? ২

গ) জনাব 'ক' এর মধ্যে ইসলামের কোন গুণের বহি প্রকাশ ঘঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ) জনাব 'ক' এর এরুপ আচরণে ব্যক্তিগত জীবনে কেমন প্রভাব ফেলে ? ব্যাখ্যা করো। ৪

১০। মানুষ সৃষ্টির সেরা জীব। তাই মানুষকে অনেক দায়িত্ব পালন করতে হয়। কর্তব্যপরায়নতার অর্থ হলো অনিবার্য কাজ সম্পাদনে সচেতন হওয়া । কর্তব্যে অবহেলা করলে জীবনে নেমে আসে ভয়াবহতা। আরিফ সাহেব বলেন হাক্কুল্লাহ ও হাক্কুল ইবাদতের মাধ্যমে মানুষের ইহকালীন শান্তি এবং পরকালীণ মুক্তি পাওয়া যায়।

ক) কর্তব্যপরায়ণতার অর্থ কী ? ১

খ) দেশ প্রেম কাকে বলে ? ২

গ) কি কারনে জীবনে ভয়াবহতা নেমে আসে – উদ্দীপকের আলোকে লিখ। ৩

ঘ) বর্ণিত জৈনক ব্যক্তির উক্তিটি ব্যাখ্যা করো। ৪

১১। জনাব আব্দুল গফুর প্রচুর সম্পদের মালিক। তিনি অন্যান্য ইবাদত করলেও তার ওপর হজ্জ ফরজ হওয়া সত্ত্বেও হজ্জ পালন করতে চান না। কারণ অনেক টাকা খরচ হবে এই বলে গড়িমসি করছেন। তার পরিচিত ধর্মীয় একজন শিক্ষক তাকে বললেন, হজ্জ একটি উত্তম আমল। এর মাধ্যমে জীবনের গুনাহরাশি মাপ হয়ে যায়।

ক) ইসলামের বুনিয়াদ কয়টি ? ১

খ) সাওম ঢালস্বরুপ বুঝিয়ে লিখ। ২

গ) যে ইবাদত করলে গুনাহ মাফ হয় – তার ফজিলত লিখ। ৩

ঘ) বর্ণিত ধর্মীয় শিক্ষকের উক্তিটি ব্যাখ্যা কর। ৪